গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-১
www.ssd.gov.bd

নং-৫৮.০০.০০০০.০৯৩.১৪.০০৭.১৯-৫০৬

তারিখ : ০৮ কার্তিক ১৪২৬ ব:
২৪ অক্টোবর ২০১৯ খ্রি:

বিষয় : "দেশের গুরুত্বপূর্ণ ২৫টি (সংশোধিত ৪৬টি) উপজেলা সদর/স্থানে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির (পিএসসি) সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের আওতায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "দেশের গুরুত্বপূর্ণ ২৫টি (সংশোধিত ৪৬টি) উপজেলা সদর/স্থানে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির (পিএসসি) সভা গত ১৫/১০/২০১৯ তারিখে সুরক্ষা সেবা বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে এতদসঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

২৪/১০/২০১৯
(শিরিন আখতার)
সিনিয়র সহকারী প্রধান
ফোনঃ ৯৫৬৫৫৭৫

বিতরণ (জৈষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

১. সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
২. সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৩. সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৪. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
৫. সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৬. প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৭. অতিরিক্ত সচিব (উন্নয়ন), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৮. অতিরিক্ত সচিব (অগ্নি), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৯. মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১০. যুগ্ম প্রধান, এনইসি, একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
১১. অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পওবিপ্র), গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা ।
১২. তত্ত্বধায়ক প্রকৌশলী (উন্নয়ন), গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা ।
১৩. উপপ্রধান, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
১৪. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত প্রকল্প বিভাগ-৪, ঢাকা।
১৫. পরিচালক (উন্নয়ন) এবং প্রকল্প পরিচালক, "দেশের গুরুত্বপূর্ণ ২৫টি (সংশোধিত ৪৬টি) উপজেলা সদর/স্থানে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন ২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্প, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।

অনুলিপি :

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (সভার কার্যবিবরণী ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. অফিস কপি।
৫. মাস্টার কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা
www.ssd.gov.bd

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "দেশের গুরুত্বপূর্ণ ২৫টি (সংশোধিত ৪৬টি) উপজেলা সদর/স্থানে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ২য় সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: শহিদুজ্জামান<br>সচিব, সুরক্ষা সেবা বিভাগ |
| সভার তারিখ | : | ১৫ অক্টোবর' ২০১৯ |
| সময় | : | বেলা ১১.৩০ ঘটিকা |
| স্থান | : | মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ। |

উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে উপস্থাপন করা হলো।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। তিনি জানান যে, নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের 'সময়াবদ্ধ কর্মপরিকল্পনা' প্রণয়ন করে সে তদনুযায়ী মোতাবেক প্রকল্পের কার্যক্রম সম্পাদন করা প্রয়োজন। নির্দিষ্ট সময়ে প্রকল্প সমাপ্ত না হলে ঈপ্সিত ফলাফল পাওয়া যায় না এবং প্রাক্কলিত ব্যয় বৃদ্ধি পায়। অত:পর তিনি উপ-প্রধান-কে সভার কার্যপত্র অনুযায়ী আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের অনুরোধ করেন।

২। সভাপতির অনুমতিক্রমে উপ-প্রধান জানান যে, আলোচ্য প্রকল্পের বাস্তবায়নকাল জানুয়ারি ২০১১ হতে জুন ২০২০ পর্যন্ত। গত ১৬/১০/২০১৮ তারিখে অনুষ্ঠিত স্টিয়ারিং কমিটির সভায় প্রকল্পের ২য় সংশোধনের বিষয়ে সিদ্ধান্ত হয়। সে অনুযায়ী গত ০৯/১০/২০১৮ তারিখে প্রকল্পের ২য় সংশোধন একনেক কর্তৃক ৪১৯৩৭.৫৫ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে অনুমোদিত হয়। সর্বশেষ সংশোধন অনুযায়ী প্রকল্পের আওতায় ২১টি স্টেশন সংযুক্ত করে ৪৬টি ফায়ার স্টেশন নির্মাণের সংস্থান রয়েছে।

০৩। প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, ৪৬টি ফায়ার স্টেশনের মধ্যে পূর্ত কাজ সম্পন্ন করার পর ১৪টি ফায়ার স্টেশন চালু করা হয়েছে (১. খিলগাঁও-ঢাকা ২. ত্রিশাল-ময়মনসিংহ ৩. তজমুদ্দিন-ভোলা ৪. বোয়ালখালী-চট্টগ্রাম ৫. আড়াইহাজার-নারায়নগঞ্জ ৬. তাড়াইল-কিশোরগঞ্জ ৭. দূর্গাপুর-রাজশাহী ৮. নগরকান্দা-ফরিদপুর ৯. কলমাকান্দা-নেত্রকোনা ১০. আলীকদম-বান্দরবান ১১. কাউখালী-রাঙ্গামাটি ১২. শিবগঞ্জ-বগুড়া ১৩. বীরগঞ্জ-দিনাজপুর ১৪. কর্ত্তিমারী (রৌমারী)-কুড়িগ্রাম), ২টি চালুর অপেক্ষায় আছে ( ১. দিরাই-সুনামগঞ্জ ২.পলাশবাড়ী-গাইবান্ধা), ০৯টি ফায়ার স্টেশনের পূর্ত কাজ চলমান আছে ( ১. বিশ্বম্ভরপুর-সুনামগঞ্জ, ২. সিংগাইর-মানিকগঞ্জ, ৩. চৌগাছা-যশোর, ৪. নিকলী স্থল কাম নদী-কিশোরগঞ্জ, ৫. মোল্লাহাট-বাগেরহাট, ৬. কাপাসিয়া-গাজীপুর, ৭. ফরিদপুর সদর-ফরিদপুর, ৮. সরিষাবাড়ী-জামালপুর, ৯. মুন্সিগঞ্জ সদর-মুন্সিগঞ্জ), ০৮টি ফায়ার স্টেশনের টেন্ডার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে (১. জামালপুর সদর-জামালপুর, ২.পটুয়াখালী সদর-পটুয়াখালী ৩. যশোর সদর-যশোর ৪. ঝিকরগাছা- যশোর ৫. মাগুরা-মাগুরা ৬. গোপালগঞ্জ সদর-গোপালগঞ্জ ৭. টেকেরহাট পোর্ট (রাজৈর) স্থল কাম-নদী- মাদারীপুর ৮. যশোর সেনানিবাস-যশোর), ২টি ফায়ার স্টেশনের জমির মূল্য পরিশোধিত/ হস্তান্তর প্রক্রিয়াধীন (১.ফরিদগঞ্জ-চাঁদপুর ২. ঘাটাইল-টাংগাইল), ১টির জমি অধিগ্রহণে মামলা আছে (পাইকগাছা-খুলনা) এবং ১০টির জমি অধিগ্রহণ প্রক্রিয়াধীন আছে (১.ভাংগুড়া-পাবনা, ২. তালা-সাতক্ষীরা, ৩. নলডাঙ্গা-নাটোর, ৪. বালাগঞ্জ-সিলেট, ৫. ভাষানটেক-ঢাকা, ৬. কল্যানপুর-ঢাকা, ৭. সিলেট সদর-সিলেট, ৮. বরিশাল সদর-বরিশাল, ৯. দৌলতপুর-কুষ্টিয়া, ১০. নাঙ্গলকোট-কুমিল্লা)।

০৪। সভাপতি জানান যে, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স যে কোন দুর্যোগে প্রথম সাড়া প্রদানকারী জাতীয় প্রতিষ্ঠান। অগ্নি দুর্ঘটনা ছাড়াও ফায়ার সার্ভিস অধিদপ্তর রোড রেসকিউ, এ্যাম্বুলেন্স সার্ভিস, কমিউনিটি ভলান্টিয়ার প্রস্তুতকরণ, ডুবুরি কার্যক্রম, নৌ দুর্ঘটনা, ভবন ধস, পাহাড় ধস, বন্যা, লিফট দুর্ঘটনা ইত্যাদি কার্যক্রম পরিচালনা করে থাকে। মাননীয় প্রধানমন্ত্রীর সদয় নির্দেশনা অনুযায়ী প্রতি উপজেলায় ন্যূনতম ০১টি ফায়ার স্টেশন স্থাপনের কাজ বর্তমানে চলমান রয়েছে।

০৫। পরিকল্পনা কমিশনের প্রতিনিধি এ মর্মে জানতে চান যে, আলোচ্য প্রকল্পের সমুদয় ফায়ার স্টেশন সমাপ্তির ক্ষেত্রে কি পরিমান সময়ের প্রয়োজন হতে পারে। এ বিষয়ে গণপূর্ত অধিদপ্তরের প্রতিনিধি জানান যে, নির্ধারিত সময়ের মধ্যে ৩৫টি স্টেশনের নির্মাণ কাজ সম্পন্ন করা যাবে। অবশিষ্ট ১১টি ফায়ার স্টেশনের জমি অধিগ্রহণ কাজ সম্পন্ন করা হলেও প্রকল্প মেয়াদে নির্মাণ কাজ শেষ হবে না বিধায় প্রকল্পের মেয়াদ এক বছর বৃদ্ধি করা যেতে পারে। এ বিষয়ে সভায় ঐক্যমত পোষণ করা হয়।

০৬। আলোচনায় অংশ নিয়ে সুরক্ষা সেবা বিভাগের উপ-প্রধান অভিমত প্রদান করেন যে, জরাজীর্ণ ৯টি ফায়ার স্টেশনের নির্মাণ কাজ জুন ২০২০ এর মধ্যে শেষ করা, জমি অধিগ্রহণের জন্য প্রক্রিয়াধীন বিভিন্ন স্টেশনের জমি অধিগ্রহণের কাজ জুন ২০২০ এর মধ্যে শেষ করা, প্রকল্পের কাজের গুণগতমান ঠিক রাখার জন্য প্রকল্প পরিচালক এবং ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের কর্মকর্তা কর্তৃক নিবিড় তদারকি করা, প্রকল্পের যন্ত্রপাতি ও যানবাহনের inventory register এবং স্টক রেজিষ্টার সংরক্ষণ করা ও প্রকল্প সাইটে সাইট বুক সংরক্ষণ করা যেতে পারে। এবিষয়ে সকলে একমত পোষণ করেন।

০৭। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

(৭.১) প্রস্তাবিত ''দেশের গুরুত্বপূর্ণ ২৫টি উপজেলা সদর/স্থানে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন (২য় সংশোধিত)'' শীর্ষক প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ জুলাই ২০১১ থেকে জুন ২০২১ পর্যন্ত পুন:নির্ধারণ অর্থাৎ প্রকল্পের মেয়াদ ১বছর বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করা;

(৭.২) জরাজীর্ণ ৯টি ফায়ার স্টেশনের নির্মাণ কাজ জুন ২০২০ এর মধ্যে শেষ করা;

(৭.৩) জমি অধিগ্রহণের জন্য প্রক্রিয়াধীন বিভিন্ন স্টেশনের জমি অধিগ্রহণের কাজ জুন ২০২০ এর মধ্যে অবশ্যই শেষ করা;

(৭.৪) প্রকল্পের কাজের গুণগতমান ঠিক রাখার জন্য প্রকল্প পরিচালক এবং ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের কর্মকর্তা কর্তৃক নিবিড় তদারকি করা;

(৭.৫) প্রকল্পের যন্ত্রপাতি ও যানবাহনের inventory register এবং স্টক রেজিষ্টার সংরক্ষণ করা;

(৭.৬) প্রকল্প সাইটে সাইট বুক সংরক্ষণ করা;

(৭.৭) চলতি অর্থবছরের এডিপিতে বরাদ্দকৃত অর্থের শতভাগ ব্যয় নিশ্চিত করা;

(৭.৮) প্রকল্পের কাজের সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিত করার লক্ষ্যে প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) এবং স্টিয়ারিং কমিটির সভা নিয়মিত আয়োজন করা।

০৮। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: শহিদুজ্জামান)
সচিব
সুরক্ষা সেবা বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
পরিকল্পনা শাখা-১

১৫ অক্টোবর ২০১৯ তারিখ রোজ মঙ্গলবার সকাল ১১.৩০ ঘটিকায় স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের আওতায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "দেশের গুরুত্বপূর্ণ ২৫টি (সংশোধিত ৪৬টি) উপজেলা সদর/স্থানে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পের প্রজেক্ট স্টিয়ারিং কমিটির (পিএসসি) সভায় উপস্থিত কর্মকর্তাগণের হাজিরা:

| ক্র: নং | নাম ও পদবি | প্রতিষ্ঠানের নাম | মোবাইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১. | সৈয়দ আবদুল মমিন<br>অতিরিক্ত সচিব | সুরক্ষা সেবা বিভাগ | 01916-044166 | |
| ২. | মো: মোস্তাফিজুর [illegible]<br>যুগ্ম-প্রধান | ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন | 01791056362 | ১৫/১০/১৯ |
| ৩. | মো: সাজিদ<br>যুগ্ম-প্রধান | কার্যক্রম বিভাগ | 01552319326 | |
| ৪. | মো: মিজানুর উদ্দিন<br>[illegible] | অর্থ বিভাগ | 01534503405 | |
| ৫. | মুহম্মদ মশিউর রহমান খোকন<br>নির্বাহী প্রকৌশলী | গণপূর্ত অধিদপ্তর | 01715005611 | |
| ৬. | মোহাম্মদ [illegible] রহমান<br>সি: স: সহকারী | অর্থ বিভাগ<br>বাজেট-০৬ | 01733551155 | |
| ৭. | মো: সাইফুল ইসলাম<br>[illegible] | IMED | 01798758756 | |
| ৮. | শিরিন আখতার<br>সি: সহ: প্রধান | সুসেবি | 01722323828 | |
| ৯. | বিশ্বজিৎ বড়ুয়া<br>সচিব | DOA | 01772500800 | |
| ১০. | লে: কর্নেল জুলফিকার [illegible] | FSCD | 01713145070 | |
| ১১. | প্রদীপ রঞ্জন চক্রবর্তী<br>অতিরিক্ত সচিব | সুরক্ষা সেবা বিভাগ | ০১৭১২-০৫৫৪৭১ | ১৫.১০.২০১৯ |
| ১২. | শাহীন মো: [illegible] হক<br>[illegible] (প্রশাসন) | SSD, MOHA | 01727202762 | ১৫/১০/১৯ |

| ক্র: নং | নাম ও পদবি | প্রতিষ্ঠানের নাম | মোবাইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| | | | | |
| ১৩. | মো: [illegible] | [illegible] | 01754191151 | [illegible] |
| ১৪. | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ১৫. | | | | |
| ১৬. | | | | |
| ১৭. | | | | |
| ১৮. | | | | |
| ১৯. | | | | |
| ২০. | | | | |
| ২১. | | | | |
| ২২. | | | | |
| ২৩. | | | | |
| ২৪. | | | | |
| ২৫. | | | | |
| ২৬. | | | | |
| ২৭. | | | | |